

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
অধিগ্রহণ অধিশাখা-১

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৭.৬৮.১১৭.১৭.৯৭


০৪/০৩/২০১৮ খ্রিস্টাব্দ  
তারিখঃ-----  
২০/১১/১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে অধিগ্রহণকৃত ভূমির নামজারী কার্যক্রম সংযুক্ত করণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৫.১৭.৩০৪, তারিখঃ ১৪/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪২.০৪.০০১.১৪(অংশ-১)-৪৫৪, তারিখঃ ১০/১২/২০১৭ এর মাধ্যমে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ২৩ নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, “অধিগ্রহণ কেসের গেজেট প্রাপ্তির পর ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক নামজারী করিবার জন্য সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রেরণ করিবেন। গেজেট প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সহকারী কমিশনার (ভূমি) অধিগ্রহণের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রাখিয়া জমির শ্রেণি পরবর্তনসহ নামজারী সম্পন্ন করিবেন”।

২। এমতাবস্থায়, উক্ত স্মারকের নির্দেশনা অনুসারে অধিগ্রহণ কেসের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের পর নামজারী সম্পন্ন করতঃ এল এ কেসমূলে নামজারী ও অর্থনৈতিক অঞ্চলের জন্য অধিগ্রহণকৃত ভূমির নামজারী সংক্রান্ত তথ্য জেলা/উপজেলা তথ্য বাতায়নে প্রদর্শনপূর্বক ভূমি মন্ত্রণালয়ের সাথে তা লিংক প্রদানের জন্য এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক ব্যক্তি/সংস্থার অনুকূলে ভূমি বরাদ্দ প্রদানের তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।



(মির্জা তারিক হিকমত)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৬৬৫৮৪

[acquisition1mol@gmail.com](mailto:acquisition1mol@gmail.com)

জেলা প্রশাসক.....(সকল)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৭.৬৮.১১৭.১৭.৯৭/৬৪(৫)

০৪/০৩/২০১৮ খ্রিস্টাব্দ  
তারিখঃ-----  
২০/১১/১৪২৪ বঙ্গাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।
- ৫। মাস্টার কপি।

(মির্জা তারিক হিকমত)  
যুগ্মসচিব